পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

ইসলামী বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ।

স্মারক নং-ইবি/পনি/ফাকা-২০২২/২২৮৭

তারিখঃ ১১-১০-২০২২ খ্রি.

# ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা ২০১৯-এর ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার আওতাধীন ফাযিল স্নাতক (সম্মান) শ্রেণীর মাদ্রাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৯ (পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ২০-১১-২০২২) এর আবেদন ফরম পূরণের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফশিল অনুযায়ী সম্পন্ন হবে। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়ার চলতি হিসাব নং ০২০০০০৩০৯৫১৯৪ (ইবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে এবং যে সমস্ত জায়গায় Online Banking-এর ব্যবস্থা নেই, সে সকল মাদ্রাসা **রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, চলতি হিসাব নং-১৮৬/অনলাইন নং-০২০০০০৩০৯৫১৯৪**-এর অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে **অগ্রণী ব্যাংক, ই.বি শাখায়** আদায়যোগ্য টি.টি-এর মারফত জমা দিতে হবে (টিটি করার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে অগ্রণী ব্যাংক, ইবি শাখার মোবাইল নং ০১৭১৩-২৫৩৭৯৬ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)। অগ্রণী ব্যাংক, ই.বি শাখা ব্যতীত অন্য কোন শাখার অনুকূলে টিটি করলে তা কোনরুপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন। তবে টাকা / টিটি জমার রশিদ আবেদন পত্রের সংগে জমা দিতে হবে। আবেদন পত্রসহ আনুষাঙ্গিক কাগজপত্র নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী ইসলামী বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

**বিঃদ্রঃ সকল বিষয়ের/বর্ষের জন্য পৃথক পৃথক ভাবে টাকা / টি.টি'র মাধ্যমে জমা দিতে হবে। টাকা / টি.টি.'র রশিদ এর মূল কপির পিছনে অধ্যক্ষের সিল স্বাক্ষরসহ আবেদন পত্রের সংগে জমা দিতে হবে।**

**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ঃ**

**ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৯ (তারিখ ঃ ২০-১১-২০২২)**

| ক্রঃ নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষার্থীদের আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র মাদ্রাসার অধ্যক্ষ নিজে অথবা তার প্রাধিকার প্রাপ্ত শিক্ষকের মাধ্যমে সংগ্রহ করতে হবে। ভারপ্রাপ্ত অধ্যক্ষের বেলায় **গভর্ণিং বডি/ এডহক কমিটির সিদ্ধান্তের কপি অথবা ফরম সংগ্রহের আবেদনে গভর্ণিং বডির সভাপতি অথবা জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক-এর প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে।** অন্যথায় ফরম সরবরাহ করা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে সম্ভব হবে না। ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া হতে আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে টাকা জমার রশিদসহ আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র জমা দিতে হবে। | ১৬-১০-২০২২ হতে ২৩-১০-২০২২ পর্যন্ত |
| ২. | **বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি-এর টাকা জমা দেয়ার তারিখ** | **২৫-১০-২০২২ পর্যন্ত** |
| ৩. | বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষার আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্রসহ টাকা/টিটি জমার রশিদ জমা দেয়ার শেষ তারিখ | ২৬-১০-২০২২ হতে ৩০-১০-২০২২ |
| ৪. | পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা হারে বিলম্ব ফি-সহ সকল প্রকার পরীক্ষার্থীর ফাযিল স্নাতক (সম্মান) পরীক্ষার ফি-এর টিটি করার তারিখ | ৩১-১০-২০২২ |
| ৫. | বিলম্ব ফি-সহ আবেদন ফরম ও আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ | ০২-১১-২০২২ |

৬. **পরীক্ষার্থীর যোগ্যতা ঃ**

ক) প্রত্যেক ছাত্র-ছাত্রীর নামের ক্রমের তালিকা জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

৭. **আবেদন ফরম গ্রহণ সংক্রান্ত ঃ**

২০১৩-২০১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ফাযিল স্নাতক (সম্মান) শিক্ষাবর্ষে ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা ২০১৯ যারা অংশ গ্রহণ করবে তাদের রেজিস্ট্রেশনের ক্রমের তালিকা জমা দিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে (অফিস চলাকালীন সময়ে) আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

৮. **রেজিষ্ট্রেশন সংক্রান্ত ঃ**

আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে আবেদন ফরম গ্রহণ করা হবে না। রেজিষ্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরুপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সকল পরীক্ষার্থীর রেজিষ্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৯. **পরীক্ষায় অংশ গ্রহণের সিলেবাস সংক্রান্ত ঃ**

সকল প্রকার পরীক্ষার্থীদেরকে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃক ফাযিল স্নাতক (সম্মান) শ্রেণির জন্য প্রণীত অর্ডিন্যান্স অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীরা ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

১০. **আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ**

ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে। নাম, পিতার নাম, মাতার নামসহ সকল তথ্যাদি সংশ্লিষ্ট পরীক্ষার জন্য রেজিস্ট্রার অফিস কর্তৃক সরবরাহকৃত ছাত্র-ছাত্রীদের রেজিষ্ট্রেশন তালিকা অনুযায়ী হতে হবে।

খ) আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ করে ব্যাংকে টাকা/টিটির রশিদসহ জমা দিতে হবে।

গ) আবেদন ফরমে লিপিবদ্ধ পরীক্ষার্থীর যাবতীয় তথ্যাদি নির্ভুলভাবে বিবরণী ফরমে উল্লেখ করতে হবে। রেজিষ্ট্রেশনের সিরিয়ালের ক্রমানুসারে বিবরণী ফরম প্রস্তুত করতে হবে।

ঘ) আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশন নম্বর নির্দিষ্ট কলামে লিপিবদ্ধ করতে হবে।

ঙ) প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ফটো (টুপি/ওড়না পরিহিত) মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযুক্ত করে দিতে হবে।

চ) আবেদন ফরমের উপরে ডান পার্শ্বের কোণায় রেজিষ্ট্রেশনের ক্রমিক নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।

ছ) অসম্পূর্ণ আবেদন ফরম জমা দিলে কোনরুপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন।

১১. **ফাযিল স্নাতক সম্মান ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষার্থীর যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলোঃ**

| বর্ষ | বিষয়ের নাম | পরীক্ষার ফি (প্রতি কোর্স) | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি কোর্স) | মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র) | গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী) | নম্বর পত্র ফি | মূল সনদ পত্র ফি | মোট | বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যাদের বেলায় প্রযোজ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪র্থ বর্ষের ফি'র হার | আল কুরআন, দাওয়াহ, আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ | ২২০.০০ (১১টি কোর্স) | ৫০.০০ (১১টি কোর্স) | ৪০০.০০ | ৪০০.০০ | ৫.০০ | ২০০.০০ | ২৫০.০০ | ৩৮২৫.০০ | ৪০০.০০ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ২২০.০০ (৯টি কোর্স) | ৫০.০০ (৯টি কোর্স) | ৪০০.০০ | ৪০০.০০ | ৫.০০ | ২০০.০০ | ২৫০.০০ | ৩২৮৫.০০ | ৪০০.০০ |

১২. **অন্যান্য ফি-এর হারঃ**

ক) ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ (অনিয়মিত) পরীক্ষা-২০১৯-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে পরিশোধ করতে হবে।

১৩. **পরীক্ষার ফি ও ফরম বিশ্ববিদ্যালয়-এ জমা দেয়ার নিয়মাবলী সংক্রান্তঃ**

ক) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়ার চলতি হিসাব নং ০২০০০০৩০৯৫১৯৪ (ইবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে এবং যে সমস্ত জায়গায় Online Banking-এর ব্যবস্থা নেই, সে সকল মাদ্রাসা **রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, চলতি হিসাব নং-১৮৬/ অনলাইন নং-০২০০০০৩০৯৫১৯৪**-এর অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে **অগ্রণী ব্যাংক, ই.বি শাখায় আদায়যোগ্য** টি.টি-এর মারফত জমা দিতে হবে (টিটি করার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে অগ্রণী ব্যাংক, ইবি শাখার মোবাইল নং ০১৭১৩-২৫৩৭৯৬ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)। অগ্রণী ব্যাংক, ই.বি শাখা ব্যতীত অন্য কোন শাখার অনুকূলে ব্যাংক ড্রাফট করলে তা কোনরুপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন। তবে ব্যাংক ড্রাফট ও টাকা জমার রশিদ আবেদন পত্রের সংগে জমা দিতে হবে।

খ) ব্যাংকে টাকা জমার পর নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে এবং তা জমাদানের পূর্বে সংশ্লিষ্ট মাদ্রাসার **অধ্যক্ষ টাকা জমার রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদ্রাসার সীল মোহরসহ স্বাক্ষর করবেন**।

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে ২ (দুই) কপি বিবরণী ফরম স্পষ্টাক্ষরে ইংরেজিতে পূরণ করে, বিবরণী ফরমের ক্রমানুসারে আবেদন ফরম সাজিয়ে শক্ত সূতা দ্বারা বেঁধে দিতে হবে।

ঙ) **বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি-এর টাকা/টিটি জমার রশিদ, আবেদন ফরম, তথ্যফরম, বিবরণী ফরম এবং মুখপত্র গ্রহণ করা হবে না।**

চ) **পরীক্ষার ফি-এর টাকা/টিটি জমার রশিদ এবং প্রয়োজনীয় কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখার সুপারিশসহ (মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত) পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দিতে হবে।** আবেদন ফরম, বিবরণী ফরম ২ (দুই) কপি, তথ্যফরম ২ কপি, মুখপত্র ২ কপি, রেজিষ্ট্রেশনের তালিকার কপি আলাদা ফরোয়ার্ডিং এবং পরীক্ষার ফি জমাদান সংক্রান্ত রশিদের কপিসহ ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ (অনিয়মিত) পরীক্ষা-২০১৯ পরীক্ষা শাখার নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / কর্মচারীর নিকট জমা দিতে হবে। উক্ত কাগজপত্র নিম্নোক্ত নিয়মে ২ (দুই) সেট কাগজ প্রস্তুত করে জমা দিতে হবে।

**১ম সেট (বিশ্ববিদ্যালয়ের জন্য) ঃ** রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে মূল কপি+ আবেদন ফরম+ বিবরণী ফরম ১ কপি+ তথ্য ফরম ১ কপি + মুখপত্র ১ কপি (একত্রে সুতা দিয়ে বেঁধে দিতে হবে)।

**২য় সেট ঃ** রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে ফটো কপি+ বিবরণী ফরম ১ কপি+ তথ্য ফরম ১ কপি + মুখপত্র ১ কপি (একত্রে সুতা দিয়ে বেঁধে দিতে হবে)।

১৪. **অন্যান্য বিষয় সংক্রান্ত ঃ**

ক) ডাকযোগে কোন আবেদন ফরম, তথ্য ফরম, বিবরণী ফরম ও মুখপত্র পাঠানো যাবে না।

খ) অবৈধ রেজিষ্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধ ভাবে মাদ্রাসা বদলী, বহিস্কার হওয়ার কারণে ২০১৯ সালের পরীক্ষা দেয়ার যোগ্য নয় ও অন্য যে কোন ধরনের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

গ) ইসলামী বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভুক্তি নবায়নের ডকুমেন্ট অথবা অধিভূক্তি নবায়নের জন্য প্রক্রিয়াধীন থাকলে সংশ্লিষ্ট কাগজপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

**ঘ) ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৯ এর পরে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অধীনে আর কোন ফাযিল স্নাতক (সম্মান) পরীক্ষা নেয়া হবে না।**

১৫. ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৯ যে কেন্দ্রে অনুষ্ঠিত হবে তার তালিকা নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রম. | কেন্দ্রের নাম | কেন্দ্রের অধীনস্থ মাদ্রাসা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা<br>মীরহাজিরবাগ, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪ | ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অধীনস্থ ফাযিল স্নাতক (সম্মান) মাদ্রাসাসমূহ | পরীক্ষার্থীর সংখ্যা কম হওয়ায় সকল অনার্স মাদ্রাসার জন্য একটি মাত্র কেন্দ্র করা হয়েছে। |

১৬. বিজ্ঞপ্তিটি মনোযোগ সহকারে পড়ার এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৯ সালের ফাযিল স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ (অনিয়মিত) পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
ফোন নং ০৮৮-২৪৭৭৭৮৬৭০৭

স্মারক নং-ইবি/পনি/ফাকা-২০২২/২২৮৭ তারিখঃ ১১-১০-২০২২ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. ভাইস-চ্যান্সেলর, ঢাকা / রাজশাহী/ চট্টগ্রাম/ জাহাঙ্গীর নগর/ বাংলাদেশ কৃষি (ময়মনসিংহ) / বাংলাদেশ প্রকৌশল/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি / খুলনা / জাতীয় / উন্মুক্ত / বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/ শের-ই বাংলা/ হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি / মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি / পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি / ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি / চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি / খুলনা প্রকৌশল ও প্রযুক্তি / রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি /জগন্নাথ/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ/ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ কুমিল্লা / যশোর / চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল/ দিনাজপুর/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৪. রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

৫. ডীন,.................................................................................................অনুষদ ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

৬. জেলা প্রশাসক (সকল)

৭. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ কুমিল্লা / যশোর / চট্টগ্রাম / সিলেট /বরিশাল / দিনাজপুর/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)

৯. অধ্যক্ষ, ......................................................................................... ফাযিল স্নাতক (সম্মান) মাদ্রাসা।

১০. পরিচালক, আইসিটি সেল (বিজ্ঞপ্তি টি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

১১. সকল কর্মকর্তা, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

১২. .........................................................................................................................

১৩. অফিস কপি।

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
ফোন নং ০৮৮-২৪৭৭৭৮৬৭০৭

# BOOK POST

প্রেরক ঃ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

প্রাপক ঃ

Qazi. Babul : D:\Fazil Honours-2021\2021\Circular Hons-2014-2015-Exam-2019-24-09-2022-.doc8